(গ) ৭৮৭৭=সাত হাজার আটশত সাতাত্তর

(ঘ) ৮৮৮৮৮=অষ্টাশি হাজার আটশত অষ্টাশি

৬। সরল কর ঃ

১০ × ৫ + ১০ − ২ × ২ − ১৯ − ৫ + ৮

= ৫০ + ১০ − ৪ − ১৯ − ৫ + ৮

= (৫০ + ১০ + ৮) − (৪ + ১৯ + ৫)

= ৬৮ − ২৮

= ৪০ উঃ

৭। অঙ্কে লেখ ঃ

(ক) তিন হাজার চল্লিশ=৩০৪০

(খ) তেত্রিশ হাজার তেত্রিশ=৩৩০৩৩

(গ) আশি শত আশি=৮০৮০

(ঘ) আট হাজার আশি=৮০৮০

প্রশ্নপত্র—২৩

পূর্ণমান—৫০ সময়—৪০ মিনিট

নাম ________________ রোল নং ________

১। সংখ্যায় লেখ ঃ ৫

(ক) নয় হাজার নয়=

(খ) উননব্বই হাজার বত্রিশ=

(গ) আশি হাজার আট=

(ঘ) নয় শত চল্লিশ=

(ঙ) নব্বই হাজার=

(চ) নব্বই শত=

২। ভাষায় লেখ ঃ ১০

(ক) ৩৪৫৬৭=

(খ) ৩০০০৯ টাকা=

(গ) ৮০০৯=

(ঘ) ৩৬০৫৫=

(ঙ) ১৪৪৪৪=

৩। চার অঙ্কের বৃহত্তম সংখ্যা থেকে তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ কর। ৫

৪। ১৬-এর নামতা লেখ। ৭

৫। গুণ কর ঃ ২ × ৫=১০

(ক) ৮০৪৩ × ৩২

(খ) ৮৭৯ × ৮০

৬। ১৫ অন্তরে ১ থেকে ১০০ পর্যন্ত লেখ। ৫

৭। ভাগ কর ঃ ৪ × ২ = ৮

(ক) ৯) ৮৭ ((খ) ১০) ৯৯ (

প্রশ্নপত্র—২৪

পূর্ণমান—৬০   সময়—১ ঘণ্টা

নাম______________ রোল নং__________

১। কথায় লেখ ঃ ৮

(ক) ৮৯৯৯ =   (খ) ৮০০০৯ =

(গ) ৮০৯০৮ =   (ঘ) ১৪০৫৭ =

২। গুণ কর ঃ ৬ × ২ = ১২

(ক) ৮০৯৭৩ × ৪৯   (খ) ৯০০৩ × ৭৮

৩। নামতার সাহায্যে গুণ কর ঃ ৫ × ২ = ১০

(ক) ১৯৮ × ১৫   (খ) ১০০৩ × ১৬

৪। নীচের অঙ্কগুলি কর : ৪ × ২ = ৮

(ক) ৮৯৭৮০
  ৮৮৯০
+ ৮৮
  ৭৯৮

(খ) ৮৮৩৫৮
− ৭৯০৯

৫। ১৪-এর নামতা লেখ। ৮

৬। তোমার বাবার বয়স ৪৬ বৎসর। কত বৎসর পরে তোমার বাবার বয়স ৭৫ বৎসর হবে? ৬

৭। হরিদের বাগানে ১৭টি সুপারী গাছ, ১৫টি আম গাছ, ১০টি আপেল গাছ ছিল। ৫টি সুপারী গাছ ও ৬টি আপেল গাছ ঝড়ে পড়ে গেল। হরি তখন ৯টি আপেল গাছ লাগাল। হরিদের বাগানে এখন কতগুলি গাছ হল? (সরলের সাহায্যে কর।) ৮

প্রশ্নপত্র—২৫

পূর্ণমান—৬০ সময়—১ ঘণ্টা

নাম________________ রোল নং________

১। কথায় লেখ : ১০

(ক) ৯০০০৯= (খ) ১৪০০২টি কলম=

(গ) ১২০০০= (ঘ) ৯৯৯৯৯=

(ঙ) ১২৫১৫ জন সৈন্য=

২। সংখ্যায় লেখ : ৫

(ক) একশত উনপঞ্চাশ পাতা=

(খ) চব্বিশ হাজার নয়শত নিরানব্বইটি বল=

(গ) আশি হাজার= (ঘ) একুশ শত বিয়াল্লিশ=

(ঙ) দুই হাজার একশত বিয়াল্লিশ পয়সা=

৩। গুণ কর : ৬×২=১২

(ক) ৮৮০৩ × ৭৯ (খ) ৩৭৯ × ১২৩

৪। সংখ্যায় লিখে নিয়ে বিয়োগ কর : ৫

আটত্রিশ হাজার আট—আট হাজার আটশত নব্বই।

৫। একজন লোকের ৮৭০ টাকা ছিল। প্রথমবার ১০৫ টাকা, দ্বিতীয়বার ২৫০ টাকা ও পরে ৭৫ টাকা খরচ হলে কত টাকা থাকবে? ৮

৬। তোমাদের শ্রেণীতে প্রথমে ৪০ জন ভর্তি হ'ল। তার থেকে একবার ২০ জন এবং পরে ৫ জন চলে গেল। আবার ৩০ জন ভর্তি হ'ল। তার থেকে একবার ১০ জন, একবার ৫ জন চলে গেলে শ্রেণীতে কতজন ছাত্র থাকল? (সরলের সাহায্যে কর।) ১০

৭। সরল কর ঃ ৫×২=১০

(ক) ৭০−৩০+৫+৮−৫০−৩

(খ) ৯×৩+৫−৩−২−১২+৫×২

প্রশ্নপত্র—২৬

পূর্ণমান—৬০ সময়—১ ঘণ্টা

নাম______________________ রোল নং__________

১। আমার কাছে ৫০০ টাকা আছে। তার থেকে প্রথমে ২০০ টাকা ও পরে ১৫০ টাকা খরচ হলে আমার কত টাকা থাকবে? ৭

২। সরল কর ঃ ৮

(ক) ৬ × ৪ × ১০ − ২ − ২ × ২ + ২ + ৪

(খ) ১২ − ১ − ১ − ১ − ৫ × ৩ + ৬

৩। সংখ্যায় লিখে নিয়ে যোগ কর ঃ ৬

তেত্রিশ হাজার নয় + আট হাজার আশি + চল্লিশ হাজার + নয় শত উনপঞ্চাশ।

৪। গুণ কর ঃ ১২

(ক) ৮৭০
× ৮৯

(খ) ৩৪৫৭
× ৩২০

৫। কোন্ সংখ্যার সঙ্গে ৬৫ যোগ করলে যোগফল ৯০ হবে? ৫

৬। ৮ জন ছেলের প্রত্যেককে ৮ টাকা করে দিয়েও দেখা গেল আরও ২৭· টাকা বেশী আছে। মোট কত টাকা ছিল? ৬

৭। একজন লোক প্রতিদিন ৫০ মাইল ভ্রমণ করেন। ২২ দিনে তিনি কত পথ ভ্রমণ করিবেন? ৬

৮। কথায় লেখ : ১০

(ক) ৯৯৯৯=

(খ) ৮০৯৯৯=

(গ) ৮০০০৯=

(ঘ) ৩৭০১৮=

(ঙ) ৭৮০২৮=

আদর্শ প্রশ্ন ও উত্তর—ঘ

১। কথায় লেখ ঃ

(ক) ৮০০৯৯ = আশি হাজার নিরানব্বই।

(খ) ৮০৯০৯ = আশি হাজার নয়শত নয়।

(গ) ৮৯০৯০ = উননব্বই হাজার নব্বই।

(ঘ) ৮৯০৯৯টি পাখি = উননব্বই হাজার নিরানব্বইটি পাখি।

(ঙ) ৮০৯৯ টাকা = আট হাজার নিরানব্বই টাকা।

২। অঙ্কে লেখ ঃ

(ক) ছাব্বিশ হাজার নয়শত নিরানব্বইটি বল = ২৬৯৯৯টি বল।

(খ) একুশ হাজার দুইশত বিয়াল্লিশ = ২১২৪২।

(গ) নয় হাজার চারশত কুড়ি মাইল = ৯৪২০ মাইল।

(ঘ) পঞ্চাশ হাজার কিলোমিটার = ৫০০০০ কিলোমিটার।

(ঙ) পনের হাজার উনপঞ্চাশ টাকা = ১৫০৪৯ টাকা।

৩। গুণ্য ৭০৯, গুণক ৭৯ হলে, গুণফল কত ?

গুণফল = গুণ্য × গুণক

```
   ৭০৯
 × ৭৯
 ------
  ৬৩৮১
 ৪৯৬৩
 ------
 ৫৬০১১
```

নির্ণেয় গুণফল = ৫৬০১১।

৪। একজন লোক মাসে ৭০০ টাকা আয় করেন এবং ৫৯৫ টাকা খরচ করেন। বৎসরে লোকটির কত টাকা জমে ?

১ বৎসর = ১২ মাস

লোকটি মাসে আয় করেন ৭০০ টাকা।
" " খরচ " ৫৯৫ "

লোকটির মাসে জমে ১০৫ টাকা।

লোকটির ১ মাসে জমে ১০৫ টাকা।
× ১২

লোকটির ১২ মাসে জমে ১২৬০ টাকা।

উঃ বৎসরে লোকটির ১২৬০ টাকা জমে।

৫। সরল কর ঃ

(ক) ১০ × ১০ − ১৬ + ৪ × ৩ × ২ − ৮ + ৩
= ১০০ − ১৬ + ২৪ − ৮ + ৩
= (১০০ + ২৪ + ৩) − (১৬ + ৮)
= ১২৭ − ২৪
= ১০০ উঃ

(খ) ৩ × ২ × ২ × ২ + ৪ − ৩ × ২ − ৬
= ২৪ + ৪ − ৬ − ৬
= (২৪ + ৪) − (৬ + ৬)
= ২৮ − ১২
= ১৬ উঃ

৬। তোমাদের শ্রেণীতে ৪৫ জন ছেলে আছে। সরস্বতী পূজার জন্য প্রত্যেকে ৭৫ পয়সা করে চাঁদা দিলে মোট কত চাঁদা উঠবে?

১ জন চাঁদা দেয় ৭৫ পয়সা।

× ৪৫

৩৭৫

৩০০

---

৪৫ জন চাঁদা দেয় ৩৩৭৫ পয়সা।

৩৩৭৫ পয়সা = ৩৩ টাকা ৭৫ পয়সা

উঃ মোট ৩৩ টাকা ৭৫ পয়সা চাঁদা উঠবে।

৭। নীচের অঙ্কগুলির উত্তর লেখ ঃ

(ক) ৮-এর ৮ গুণ কত ? উঃ ৬৪

(খ) সাতকে চার বার যোগ করলে কত হয় ? উঃ ২৮

(গ) চারকে ১০ দিয়ে গুণ করে ৫ যোগ করলে কত হয় ? উঃ ৪৫

(ঘ) ১০০-এর দ্বিগুণ কত ? উঃ ২০০

(ঙ) ৮-টা কৌটোয় ২ টাকা করে রাখতে কত টাকা লাগবে ?
উঃ ১৬ টাকা।

(চ) ১৫টি গরুর কয়টি পা ? উঃ ৬০টি।

(ছ) এক অঙ্কের বৃহত্তম সংখ্যা × তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা কত ? উঃ ৯০০।

(জ) ১ ডজন = কটি ? উঃ ১২টি।

প্রশ্নপত্র—২৭

পূর্ণমান—৫০ সময়—৪০ মিনিট

নাম ____________________ রোল নং ________

১। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৪ × ৩ = ১২

(ক) ১৫ টাকা = কত পয়সা ?

(খ) একটি বাগানে ১৬ সারি গাছ আছে। প্রতি সারিতে ১২টি গাছ থাকলে বাগানে মোট কতগুলি গাছ আছে ?

(গ) চৈতালী তপতীর ৩ গুণ টাকা পেল। তপতী ৯ টাকা পেলে, চৈতালী কত পেল ?

২। সরল কর ঃ ৪ × ২ = ৮

(ক) ৯ × ৩ + ৫ − ৩ − ২ − ১২ + ৫ × ২

(খ) ১৬ × ৯ − ১৫ × ৫ − ৮ + ৮০ − ১৯

৩। সংখ্যায় লিখে নীচের অঙ্কগুলি কর ঃ $৪ \times ২ = ৮$

(ক) দুই হাজার নয় + নিরানব্বই হাজার চার + উননব্বই + ষাট হাজার দুইশত চার।

(খ) চল্লিশ হাজার নয়শত পাঁচ — আট হাজার নয়।

৪। রামবাবু ৫০ টাকা নিয়ে বাজারে গেলেন। ৪ টাকা কিলো দরে ৪ কিলো চাল, ১২ টাকা কিলো দরে ২ কিলো মাছ কিনলেন। রামবাবুর কাছে কত টাকা থাকল? ৭

৫। শূন্যস্থান পূরণ কর ঃ ১৫

(ক) যে সংখ্যাকে গুণ করা হয় তাকে বলা হয় ———।

(খ) যে সংখ্যা দিয়ে গুণ করা হয় তাকে বলা হয় ———।

(গ) গুণ করে যে সংখ্যা পাওয়া যায় তাকে বলা হয় ———।

(ঘ) ——— কে যে কোন সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল শূন্য হবে।

(ঙ) ৮৭৫ × ১০০ = ——— (চ) ——— + ১৫ = ৩০

(ছ) ——— − ৯ = ২৩ (জ) ১১৫ − ——— = ৯৬

(ঝ) ১০০ × ——— = ০ (ঞ) ১৫ টাকা × ৫ = ——— টাকা

(ট) কোন সংখ্যা থেকে ——— বিয়োগ হলে উত্তর সেই সংখ্যাই হবে।

প্রশ্নপত্র—২৮

পূর্ণমান—৫০

সময়—৪০ মিনিট

নাম——————————— রোল নং———————

১। ২, ৩, ৪, ৯ অঙ্কগুলি দিয়ে সব থেকে ছোট ও সব থেকে বড় যে সংখ্যা দুটি গঠন করা যায় সেগুলি লেখ। ওদের বিয়োগফল নির্ণয় কর। ৫

২। দুটি সংখ্যার যোগফল ১৬০০ ; একটি সংখ্যা ৫০৬ হলে অপরটি কত ? ৫

৩। নামতার সাহায্যে গুণ কর : ৫ × ২ = ১০

(ক) ৮৩০
× ১৫

(খ) ৯৯৮
× ১১

৪। ১৪-এর নামতা লেখ। ৮

৫। কথায় লেখ ঃ ১২

(ক) ৩৪০ = (খ) ৮০৩৪৯ টাকা =

(গ) ৭৭৭৭৭ = (ঘ) ৮৭০৪ =

(ঙ) ৯০৮৯ মাইল = (চ) ১৭৯ টাকা + ৯৯ টাকা =

৬। দুইটি সংখ্যার বিয়োগফল ৯০০। বড় সংখ্যাটি ১২০৫ হ'লে ছোট সংখ্যাটি কত ? ৫

৭। দুইটি সংখ্যার বিয়োগফল ৭৫০। ছোট সংখ্যাটি ২৭০ হ'লে বড় সংখ্যাটি কত ? ৫

প্রশ্নপত্র—২৯

পূর্ণমান—৫০ সময়—৪০ মিনিট

নাম______________ রোল নং______

[উত্তরের জন্য আলাদা কাগজ ব্যবহার কর।]

১। কথায় লেখ : ৫

(ক) ১০০৫৭ টাকা= (খ) ৯৮৭৮০=

(গ) ১৫৩৫ টাকা ১৫ পয়সা= (ঘ) ৮৭৫৭০ পয়সা=

(ঙ) ৯৯৯৯৯৯=

২। সংখ্যায় লেখ : ৪

(ক) পনের হাজার চল্লিশ টাকা= (খ) উনচল্লিশ হাজার টাকা=

(গ) তিনশত পঁয়ত্রিশ টাকা সত্তর পয়সা=

(ঘ) দুইশত উনপঞ্চাশ পৃষ্ঠা=

৩। তুমি বাজারে গিয়ে প্রতিটি ৭০ পয়সা দরে ১৫টি কলা ও প্রতিটি ৫০ পয়সা দরে ১ ডজন পেয়ারা কিনলে। তোমার মোট কত খরচ হল? ৮

৪। ২৪৩৬ পয়সা ১২ জন ভিখারীর মধ্যে ভাগ করে দিলে প্রত্যেকে কত করে পাবে? ৭

৫। নীচের অঙ্কগুলি কর : ৪×৪=১৬

(ক) ৮৭৯৮৭+৮৩৯+৯০৩৪+৮ (খ) ৯৯০৮৭−৩৯৯

(গ) ৮৭০৯×৭৯ (ঘ) ৮২০৯÷৮

৬। নীচের প্রশ্নগুলির উত্তর লেখ : ১০

(ক) ৫ ডজন = ... টি। (খ) ৭ সপ্তাহ = ... দিন।

(গ) ১০ টাকা = ... পয়সা। (ঘ) ০ × ১০০০ = ...।

(ঙ) ৯৯৯৯ × ০ = ...। (চ) ৯ ÷ ৯ = ...।

(ছ) ০ ÷ ৯ = ...। (জ) ১ বৎসর = ... দিন।

(ঝ) ২ মাস = ... দিন। (ঞ) ১৯৮০ সালের দিনসংখ্যা =

প্রশ্নপত্র—৩০

পূর্ণমান—৮০ সময়—১ ঘণ্টা ৩০ মিনিট

নাম ____________ রোল নং ______

১। কথায় লেখ : ৫

৮০৮১৮ =

৮০০০৪ =

২০৩৪ টাকা ৫০ পয়সা =

৭৭৭৭৭৭ টাকা =

৯৩৪৫০ টাকা ৬৯ পয়সা =

২। অঙ্কে লেখ : ৬

নয় হাজার নিরানব্বই =

উনিশ হাজার ছয় =

দুই লক্ষ পাঁচ =

দুইশত চল্লিশ টাকা চল্লিশ পয়সা =

বত্রিশ হাজার সাত =

তিন হাজার চার টাকা =

৩। সাংকেতিক চিহ্ন তুলে দিয়ে টাকা ও পয়সায় লেখ : ৬

(ক) টাকা ৩৮৭·৫৩ = (খ) টাকা ৪৮০·০৩ =

(গ) টাকা ১০০৫·৩০ = (ঘ) টাকা ৭০৫·০০ =

৪। সাংকেতিক চিহ্নে লেখ : ৮

(ক) ৫৬ টাকা ৫ পয়সা= (খ) ৫৬০ টাকা ৫০ পয়সা=

(গ) ৫৬৫ টাকা ৫৪ পয়সা= (ঘ) ৭০০ টাকা=

৫। যোগ কর : ৫+৫=১০

(ক) টাকা ২১৬·৪০
    " ৮৩·৬০
    " ৭·০৫

(খ) ৯+৯+৮৭০+১৮

৬। বিয়োগ কর : ৫×৩=১৫

(ক) টাকা ৩৪৫·০৫—টাকা ২৯৪·৮৯

(খ)

টাকা	পয়সা
৩৩৯	৮০
৩৮	৯৫

(গ) টাকা ৪৫·৭০—টাকা ০·৬৫

৭। সরল কর : ১৫+৮—৭+৮×৩—৮×৫ ৫

৮। নিম্নের অঙ্কগুলি কর : ৫×২=১০

(ক) ৮৩৪
× ৪৯

(খ) ১২) ৩৮০৪ (

৯। রহিমবাবু ১৯০৫ সালে, মহিমবাবু ১৯৫০ সালে জন্মেছেন। কে বড় এবং কত বছরের বড় ? ৭

১০। তোমার বাবা তোমাকে ৫০টি ৫ পয়সা দিলেন। তিন টাকা পুরো করবার জন্য বাবার কাছে তুমি আর কত পয়সা চাইবে ? ৮

প্রশ্নপত্র—৩১

পূর্ণমান—৫০ সময়—৪০ মিনিট

নাম______________________ রোল নং______________

[উত্তরের জন্য আলাদা কাগজ ব্যবহার কর।]

১। দশমিক চিহ্ন তুলে দিয়ে টাকা পয়সায় লেখ : ৪

(ক) টাকা ৩০৫·৭৫= (খ) টাকা ৩০০৫·৫৭=
(গ) টাকা ৩০৫০·৫০= (ঘ) টাকা ৫০০৩·০৫=

২। টাকায় প্রকাশ কর : ৮

(ক) ৫৬ টাকা ৫০ পয়সা= (খ) ৭০৫ টাকা ৭ পয়সা=
(গ) ৭০০ টাকা= (ঘ) ৭৭৭ টাকা ৭৭ পয়সা=
(ঙ) ৭৭০ পয়সা= (চ) ৭০৭ পয়সা=
(ছ) ১৭০৮০ পয়সা= (জ) ১০০৫০ পয়সা=

৩। পয়সায় প্রকাশ কর : ৬

(ক) ৮ টাকা ৫০ পয়সা = (খ) ৮০৮ টাকা ৫৮ পয়সা =

(গ) ৯৯ টাকা ৫ পয়সা = (ঘ) ১০ টাকা =

(ঙ) ১০৫ টাকা = (চ) ১৪৪ টাকা ৫৪ পয়সা =

৪। রামবাবু বাজারে গিয়ে ৫০ টাকা ৫০ পয়সার চাল, ১৫ টাকার ডাল, ১০ টাকা ৭০ পয়সার আলু ও ৭০ পয়সার শাক কিনলেন। রামবাবু কত টাকার বাজার করলেন ? ৮

৫। ভাগ কর : ৪ × ২ = ৮

(ক) ১০) ৮০৫ ((খ) ১৫) ৯০০৫ (

৬। তোমার বাবা প্রতিমাসে ১০০০ টাকা আয় করেন এবং ৭৫০ টাকা খরচ করেন। বছরের শেষে তোমার বাবার কত টাকা জমবে ? ৮

৭। ২০ টাকায় কয়টি ৫ পয়সা নির্ণয় কর। ৩

৮। সরল কর : ৫

৮ × ৫ ÷ ১০ + ৯ − ৩ × ২ + ৮ × ২ − ৭

আদর্শ প্রশ্ন ও উত্তর—৬

১। সরল কর ঃ

(ক) $১৮ \div ২ - ৩ + ৪ \times ২ + ১৩$

$= ৯ - ৩ + ৮ + ১৩$

$= (৯ + ৮ + ১৩) - ৩$

$= ৩০ - ৩$

$= ২৭$ উঃ

(খ) $৩৯ \div ৩ + ৪ - ৫ \times ২ + ১৩$

$= ১৩ + ৪ - ১০ + ১৩$

$= (১৩ + ৪ + ১৩) - ১০$

$= ৩০ - ১০$

$= ২০$ উঃ

(গ) $১২ \times ৮ + ১০ \div ২ - ৩ \times ৫ + ১৩$

$= ৯৬ + ৫ - ১৫ + ১৩$

$= (৯৬ + ৫ + ১৩) - ১৫$

$= ১১৪ - ১৫$

$= ৯৯$ উঃ

(ঘ) $৩ \times ৪ \times ২ + ৫ + ১২ \div ৪ - ৫$

$= ১২ \times ২ + ৫ + ৩ - ৫$

$= ২৪ + ৫ + ৩ - ৫$

$= (২৪ + ৫ + ৩) - ৫$

$= ৩২ - ৫$

$= ২৭$ উঃ

২। তোমাদের শ্রেণীতে দুইটি সারিতে চেয়ার সাজানো আছে। বাঁদিকের সারিতে ৬০টি এবং ডানদিকের সারিতে ৪০টি চেয়ার আছে। বাঁদিকে ১০টি এবং ডানদিকে ৩টি চেয়ার খালি থাকলে মোট কতজন ছাত্র উপস্থিত আছে?

বাঁদিকে ৬০টি চেয়ার
ডানদিকে ৪০টি চেয়ার
\+

মোট ১০০টি চেয়ার আছে।

বাঁদিকে ১০টি
ডানদিকে ৩টি
\+

মোট ১৩টি চেয়ার খালি আছে।

মোট ১০০টি চেয়ার আছে।
মোট ১৩টি চেয়ার খালি আছে।
−

মোট ৮৭টি চেয়ার ভর্তি আছে।

উঃ শ্রেণীতে মোট ৮৭ জন ছাত্র উপস্থিত আছে।

৩। তুমি ৪১০টি এবং তোমার বাবা ৫০টি লিচু কিনলেন। সবাই মিলে ২০৫টি খেয়ে ফেললে এবং ৩০টি লিচু নষ্ট হল। এখন আর কতগুলি লিচু থাকল ?

আমি ৪১০টি লিচু কিনলাম।
বাবা ৫০টি লিচু কিনলেন।
\+

মোট ৪৬০টি লিচু কেনা হ'ল।

২০৫টি লিচু সবাই খেয়ে ফেলল।
 ৩০টি লিচু নষ্ট হ'ল।
+
মোট ২৩৫টি লিচু খরচ হ'ল।
 ৪৬০টি লিচু কেনা হ'ল।
 ২৩৫টি লিচু খরচ হ'ল।
−
 ২২৫টি লিচু অবশিষ্ট রইল।

উঃ এখন আমাদের আর ২২৫টি লিচু থাকল।

প্রশ্নপত্র—৩২

পূর্ণমান—৮০ সময়—১ ঘণ্টা ৩০ মিনিট

নাম________ রোল নং________

১। কথায় লেখ ঃ ৫

(ক) ৮৩০৪৫= (খ) ৮৩০০৫টি গরু=

(গ) ১৯১৯১৯= (ঘ) ৩০০১৮ টাকা=

(ঙ) ৯৯৯৯৯ টাকা ৫৫ পয়সা=

২। সংখ্যায় লেখ ঃ ৫

(ক) নয় হাজার টাকা= (খ) উনিশ হাজার সাত টাকা=

(গ) আটত্রিশ শত পাঁচ পয়সা=

(ঘ) পাঁচশত টাকা চল্লিশ পয়সা=

(ঙ) তিনশত তেত্রিশ টাকা চুয়ান্ন পয়সা=

৩। টাকায় প্রকাশ কর (বা সাংকেতিক চিহ্নে লেখ) ঃ ৪

(ক) ৭৮ টাকা ১৫ পয়সা = (খ) ৩৭৯০০ পয়সা =

(গ) ৩৪৫৭০ পয়সা = (ঘ) ৭৭৭০ টাকা ৭ পয়সা =

৪। পয়সায় লেখ ঃ ৬

(ক) ৭০ টাকা ৫৫ পয়সা = (খ) ৩৭০ টাকা ৭ পয়সা =

(গ) ৭৮ টাকা = (ঘ) টাকা ৭৭৭·৯৯ =

(ঙ) টাকা ৮৯·০৯ = (চ) ১০০ টাকা =

৫। মিশ্ররাশিতে (অর্থাৎ টাকা ও পয়সায়) লেখ ঃ ৫

(ক) ৫০৭ পয়সা = (খ) ১২৮০ পয়সা =

(গ) ৫৬৭ পয়সা = (ঘ) ১০০০৩ পয়সা =

(ঙ) ৩৩৩৩৩ পয়সা =

৬। সাংকেতিক চিহ্ন উঠিয়ে দিয়ে টাকা পয়সায় লেখ ঃ ৫

(ক) টাকা ১৮·১৮ = (খ) টাকা ৩০৩·০৩ =

(গ) টাকা ৭৮·০০ = (ঘ) টাকা ২৭৮·০৩ =

(ঙ) টাকা ১০০·৭৭ =

৭। নীচের ভাগ অঙ্কটি কর। ভাজক, ভাজ্য, ভাগফল ও ভাগশেষ লেখ ঃ ৭

১৬) ৮০৩৪ (

৮। নীচের অঙ্কগুলি কর : $৪ \times ২ = ৮$

(ক) ৮৭০৪
$\times$ ৪৯

(খ) ৮০৩৯
$\times$ ১৫

৯। তুমি ২ টাকা নিয়ে দোকানে গিয়ে ৬৫ পয়সার বিস্কুট, ৩৮ পয়সার লজেন্স, ৭০ পয়সার পেন্সিল এবং ৮ পয়সার চকোলেট কিনলে। তোমার কাছে কত রইল? ১০

১০। পাঁচ পয়সা করে দশটি ডাকটিকিট ও পনের পয়সা করে তিনটি ডাকটিকিট কেনবার জন্য ডাকঘরে তুমি এক টাকা দিলে। তুমি কত ফেরৎ পাবে? ১০

১১। সরল কর : $৫ \times ২ = ১০$

(ক) $৪৮ \div ১২ \div ২ - ২ + ২$ (খ) $৬ \times ৮ \div ৪ + ২ - ২ \times ৩$

প্রশ্নপত্র—৩৩

পূর্ণমান—৭০

সময়—১ ঘণ্টা ৩০ মিনিট

নাম ________________

রোল নং ________

১। শূন্যস্থান পূরণ কর ঃ ১০

(ক) যে সংখ্যাকে ভাগ করা হয় তাকে ______ বলে।

(খ) যে সংখ্যা দ্বারা ভাগ করা হয় তাকে ______ বলে।

(গ) যে সংখ্যা দ্বারা গুণ করা হয় তাকে ______ বলে।

(ঘ) যে সংখ্যাকে গুণ করা হয় তাকে ______ বলে।

(ঙ) ১৫০৩ × ______ = ০ (চ) ______ ÷ ২৫ = ০

(ছ) ______ + ১৫ = ৩০ (জ) ৩৫ ÷ ______ = ৫

(ঝ) ৮ × ______ = ৪০ (ঞ) ৩ × ৩ − ৩ = ______

২। মিশ্র রাশিতে প্রকাশ কর ঃ ৫

(ক) টাকা ৩৮·৪০ = (খ) টাকা ৩০৮·০৪ =

(গ) টাকা ৭৮·৭৫ = (ঘ) টাকা ৩৭৮·০০ =

(ঙ) টাকা ১২৩৪·৯৯ =

৩। একটি পোস্টকার্ডের দাম ১৫ পয়সা এবং একটি খামের দাম ৫০ পয়সা। ১১টি পোস্টকার্ড ও ৭টি খাম কিনে তুমি ডাকঘরে ৬ টাকা দিলে। তুমি কত ফেরৎ পাবে? ১০

৪। নীচের অঙ্কগুলি কর ঃ $৫ \times ৪ = ২০$

(ক) ৮০৩৪
$\times$ ৯৮

(খ) ৩৫৭৮
$\times$ ১৩

(গ) ১৫) ৫১৫০ (

(ঘ) ১০) ৮০৩৪৫ (

৫। যোগ কর ঃ ৫

টাকা ৩৮৮·৪০ + টাকা ৮৮·০৪ + টাকা ০·৫৭

৬। বিয়োগ কর ঃ $৫ \times ২ = ১০$

(ক)

টাকা	পয়সা
৩৬৮	৭০
৯৯	৪৫

(খ) টাকা ৯০৮·৪৫ − টাকা ৩৭৫·০৪

৭। সরল কর ঃ ৫

$১৫ \times ৪ \div ১০ - ৫ - ৭ \times ২ + ১২ + ১$

৮। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৫

(ক) ১ টাকা সমান কয়টি ৫০ পয়সা ?

(খ) ২ টাকা সমান কয়টি ১০ পয়সা ?

(গ) ১০০ × ১০ = কত ? (ঘ) ১ বৎসর = কতদিন ?

(ঙ) ১ দিন = কত ঘণ্টা ?

প্রশ্নপত্র—৩৪

পূর্ণমান—১০০ সময়—২ ঘণ্টা

নাম ________________ রোল নং ________

[উত্তরের জন্য আলাদা কাগজ ব্যবহার কর।]

১। পয়সায় পরিণত কর ঃ ৪

(ক) ৮০ টাকা ৭৫ পয়সা = (খ) ৩৮০ টাকা ৮০ পয়সা =

(গ) ৩০৮ টাকা ০৮ পয়সা = (ঘ) ৩৭৭ টাকা ৮ পয়সা =

২। সাংকেতিক চিহ্ন তুলে দিয়ে টাকা ও পয়সায় লেখ ঃ ৪

(ক) টাকা ১২৭·২৭ = (খ) টাকা ৩০৭·০৭ =

(গ) টাকা ৩৭০·৭০ = (ঘ) টাকা ৩০০·০০ =

৩। সাংকেতিক চিহ্নে লেখ (বা টাকায় লেখ) ঃ ৬

(ক) ৫০ টাকা ৫০ পয়সা = (খ) ১৬ টাকা ৬০ পয়সা =

(গ) ১৭৭ টাকা = (ঘ) ১০৭ টাকা ০০ পয়সা =

(ঙ) ৮৮ টাকা ৭ পয়সা = (চ) ৯ টাকা ০৯ পয়সা =

৪। যোগ কর ঃ $৫\times২=১০$

(ক) টাকা ১১৭·০৮, টাকা ১৯·৮০, টাকা ৯৯·৮৯।

(খ)

টাকা	পয়সা
১২	১২
১	০১
৯৫	৭০
৮	৭৭

৫। বিয়োগ কর ঃ $৫\times২=১০$

(ক) টাকা ২৫৬·০৭ – টাকা ৭৯·৮৯

(খ)

টাকা	পয়সা
৩৭৫	৯৫
২৮০	৮৭

৬। নামতার সাহায্যে গুণ কর ঃ $৫\times২=১০$

(ক) ১৩৮ × ১৯

(খ) ৪০৫ × ১৫

৭। ভাগ কর ঃ $৫\times৩=১৫$

(ক) ১৩) ১১৮৫ ((খ) ২০) ৪০৫৮০ ((গ) ৯) ১৮৭৮১ (

৮। সরল কর ঃ $৬\times২=১২$

(ক) ৬ × ৪ × ১০ – ২ – ২ × ২ + ২ + ৪

(খ) ৪৮ ÷ ১২ ÷ ২ – ২ × ৩ + ১০ + ৮ – ৫ – ৩

৯। মা তোমাকে ৩৩টা ৫ পয়সা দিলেন। ২ টাকা পুরো করবার জন্য মায়ের কাছে তুমি আর কত পয়সা চাইবে? ৯

১০। ভূপতিবাবু ১০০ টাকা নিয়ে বাজারে গেলেন। ২৭ টাকা ৪০ পয়সার মাছ, ৩৬ টাকা ৬০ পয়সার চাল এবং ৯ টাকা ৯ পয়সার সব্জী কিনলেন। ভূপতিবাবুর কাছে কত টাকা থাকল ? ১০

১১। প্রভাসবাবু জন্মগ্রহণ করেন ১৭৭৪ সালে এবং যামিনীবাবু জন্মগ্রহণ করেন ১৭৬৮ সালে। কে বড় এবং কত বছরের বড় ছিলেন ? ১০

প্রশ্নপত্র—৩৫

পূর্ণমান—৭৫

সময়—১ ঘণ্টা ৩০ মিনিট

নাম____________________ রোল নং__________

১। তোমার কাছে তিন টাকা আছে। ৪৫ জন ভিখারীর প্রত্যেককে ৫ পয়সা করে দিলে তোমার কাছে আর কত পয়সা থাকবে ? ৮

২। তোমার দাদার টাকা ১৫·৫০ আছে। তোমার মা তোমাকে টাকা ৫·৭০ এবং বাবা টাকা ১০·২০ দিলেন। কার কাছে বেশী হ'ল এবং কত বেশী হ'ল ? ৮

৩। ১৫টি লেবুর দাম ১ টাকা ৩৫ পয়সা। এক ডজন লেবুর দাম কত? ৮

৪। সরল কর : ৭

১৫ ÷ ৩ × ৫ − ৮ × ৪ ÷ ১৬ + ৯ × ২ ÷ ৬ − ৯

৫। টাকায় প্রকাশ কর : ৫

(ক) ৩৮ টাকা ০৫ পয়সা = (খ) ৩০ টাকা ৭ পয়সা =

(গ) ৩০৩ টাকা ৩৯ পয়সা = (ঘ) ৮৩৩৭ পয়সা =

(ঙ) ৮০০৭ পয়সা = (চ) ৫০০ টাকা ৫০ পয়সা =

৬। নীচের অঙ্কগুলি কর : ৫ × ৪ = ২০

(ক) ৩০·৪৫ টাকা
× ৮৯

(খ) ১০৩৫
× ১৭

(গ) ৩০৫৭ ÷ ১০

(ঘ) ১৪) ৮৩৪৫ (

৭। অঙ্কগুলি কর ঃ $৫ \times ২ = ১০$

(ক) টাকা ১২·১১ + টাকা ৩০·১১
+ টাকা ২৫·১১ + টাকা ১০·৯০

(খ) টাকা ২১১·৯২ − টাকা ৯·০২

৮। একজন লোক প্রথম বার টাকা ১২·০০, তারপর টাকা ২৫·৪০, তারপর টাকা ৩০·২৫ পেল। সেই টাকা থেকে সে প্রথমে খরচ করল টাকা ১১·০০, তারপর টাকা ১০·১২ এবং শেষে টাকা ১৫·৫০ ; বাকি টাকা জমিয়ে রাখল। আবার সে টাকা ১৩·৫০ পেল। তার মোট কত টাকা হল ? ৯
[সরলের সাহায্যে কর।]

প্রশ্নপত্র—৩৬

পূর্ণমান—৫০ সময়—১ ঘণ্টা

নাম ______________________ রোল নং __________

১। নীচের অঙ্কগুলি কর ঃ $৫ \times ৫ = ২৫$

(ক) ১৪) ৮০৭৮ (

(খ) ৮০৩৪৫
× ২৯

(গ) টাকা ৩৯০·৩৪ + টাকা ৩৫·৭৮ + ৮০ পয়সা

(ঘ) ৩৫০ টাকা ৭০ পয়সা — ৭৫ টাকা ০৯ পয়সা

(ঙ) ৪০০ টাকা ৪০ পয়সা ÷ ৮

২। তুমি ১০০ টাকা নিয়ে বাজারে গেলে। ১০·৫০ টাকা কিগ্রা দরে ৫ কিগ্রা মাছ এবং ২ টাকা ৬০ পয়সা কিগ্রা দরে ৬ কিগ্রা আলু কিনলে। তোমার কাছে আর কত টাকা থাকল ? ১০

৩। তোমাদের শ্রেণীতে ৪৫ জন ছাত্র-ছাত্রী আছে। চড়ুই-ভাতির জন্য তোমরা প্রত্যেকে ৪ টাকা ৫ পয়সা করে চাঁদা দিলে মোট কত টাকা চাঁদা উঠবে ? ১০

৪। ৭৬০ টাকা ৯৫ পয়সা ১৯ জনের মধ্যে সমান ভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কত করে পাবে ? ৫

আদর্শ প্রশ্ন ও উত্তর—চ

১। গুণ কর :

(ক)
```
   টাকা ৪২·৫১
       × ৩২
   ----------
       ৮৫০২
     ১২৭৫৩
   ----------
টাকা ১৩৬০·৩২
```

উঃ নির্ণেয় গুণফল = টাকা ১৩৬০·৩২।

(খ)
```
   টাকা ৮৬·১২
       × ১৮
   ----------
     ৬৮৮·৯৬
     ৮৬১২
   ----------
টাকা ১৫৫০·১৬
```

উঃ নির্ণেয় গুণফল = টাকা ১৫৫০·১৬

২। ভাগ কর :

(ক)
```
৮) টাকা ৬৪·৩২ ( টাকা ৮·০৪
    ৬৪
   -----
      ৩২
      ৩২
   -----
       ×
```

উঃ নির্ণেয় ভাগফল = টাকা ৮·০৪
নির্ণেয় ভাগশেষ = ০

(খ)
```
৫) টাকা ৯৬৩·৫০ ( টাকা ১৯২·৭০
    ৫
   ----
    ৪৬
    ৪৫
   ----
     ১৩
     ১০
   ----
      ৩৫
      ৩৫
   ----
```

উঃ নির্ণেয় ভাগফল = টাকা ১৯২·৭০
নির্ণেয় ভাগশেষ = ০

৩। যোগ কর ঃ

(ক)

কিমি.	মি.
৪	০৪০
৫	০২৫
৫০	০৯০
৫৯	১৫৫

উঃ নির্ণেয় যোগফল = ৫৯ কিমি. ১৫৫ মি.

(খ)

কিমি.	মি.
৫১	০৫৬
২	০১০
১১০	০০৫
১৬৩	০৭১

উঃ নির্ণেয় যোগফল = ১৬৩ কিমি. ০৭১ মি.

৪। বিয়োগ কর ঃ

(ক)

কিমি.	মি.
২০	১৯০
১২	২৩০
৭	৯৬০

উঃ নির্ণেয় বিয়োগফল = ৭ কিমি, ৯৬০ মি.

(খ)

কিমি.	মি.
৪২	৪৫৩
১১	১১০
৩১	৩৪৩

উঃ নির্ণেয় বিয়োগফল = ৩১ কিমি. ৩৪৩ মি.

৫। ৮টা ২৫ মিনিটের সময় ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটা কোথায় থাকবে এঁকে দেখাও।

[নিজে আঁক]

৬। শূন্যস্থান পূরণ কর ঃ

(ক) সেপ্টেম্বর মাস ৩০ দিন।

(খ) এক বছর ৩৬৫ দিনে হয়।

(গ) ৬০ মিনিটে এক ঘণ্টা।

৭। বাংলা মাসের নামগুলি লেখ ঃ

বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন, চৈত্র।

৮। সমান দামের ৪টি বলের মূল্য ৪৮ টাকা ৪০ পয়সা হ'লে, একটি বলের দাম কত ?

৪৮ টাকা ৪০ পয়সা = টাকা ৪৮·৪০

৪) টাকা ৪৮·৪০ (টাকা ১২·১০
৪
‾‾
৮
৮
‾‾
৪
৪
‾‾

উঃ একটি বলের দাম টাকা ১২·১০ বা ১২ টাকা ১০ পয়সা।

৯। একটি বলের দাম ১৬ টাকা ০৩ পয়সা হলে ২৪টি বলের দাম কত ?

১৬ টাকা ০৩ পয়সা = ১৬·০৩ টাকা।
একটি বলের দাম টাকা ১৬·০৩
× ২৪
‾‾
৬৪১২
৩২০৬
‾‾
টাকা ৩৮৪.৭২

উঃ ২৪টি বলের দাম টাকা ৩৮৪·৭২ বা ৩৮৪ টাকা ৭২ পয়সা।

১০। তুমি রেলগাড়ীতে ৩৫০ কিমি., নৌকায় ১৪ কিমি., মোটরে ৩৫ কিমি., রিক্সায় ১৩ কিমি. ৭৮০ মি. গিয়েছ, তুমি মোট কতটা পথ গিয়েছ ?

রেলগাড়িতে	৩৫০ কিমি.	০০০ মি.
নৌকায়	১৪ "	০০০ "
মোটরে	৩৫ "	০০০ "
রিক্সায়	১৩ "	৭৮০ "
	৪১২ কিমি.	৭৮০ মি.

উঃ আমি মোট ৪১২ কিমি. ৭৮০ মি. পথ গিয়েছি।

১১। বিয়োগ কর ঃ

(ক)

মি.	সেমি.
৩০৪	৭৫
− ৭৮	১৯
২২৬	৫৬

উঃ নির্ণেয় বিয়োগফল = ২২৬ মি. ৫৬ সেমি.

(খ)

মি.	সেমি.
৩০০	০৮
− ২৪৯	০৯
৫০	৯৯

উঃ নির্ণেয় বিয়োগফল = ৫০ মি. ৯৯ সেমি.

(গ) ৭৭০ মি. ০৫ সেমি.
−৭০ মি. ৩৮ সেমি.
৬৯৯ মি. ৬৭ সেমি.

উঃ নির্ণেয় বিয়োগফল = ৬৯৯ মি. ৬৭ সেমি.

(ঘ) ৮৭০ কিমি. ০৭০ মি.
−৯০ কিমি. ০০৯ মি.
৭৮০ কিমি. ০৬১ মি.

উঃ নির্ণেয় বিয়োগফল = ৭৮০ কিমি. ০৬১ মি.

প্রশ্নপত্র—৩৭

পূর্ণমান—৩০

সময়—৩০ মিনিট

নাম ______________________ রোল নং ____________

১। নীচের অঙ্কগুলি কর : ৫ × ২ = ১০

(ক) টাকা ৭১·০১ (খ) ৫৫০ কিমি. ৫০ মি. − ৩৪৫ কিমি. ৪৭ মি.
× ৩৯

২। এক ব্যক্তির ১২ মাসের মোট আয় ৬০০ টাকা ৬০ পয়সা হ'লে ঐ ব্যক্তির এক মাসের আয় কত? তিন মাসের মোট আয় কত? ৮

৩। কত কিলোগ্রাম ও গ্রাম লেখ : ৩

(ক) কিগ্রা. ৩০০·০০৩ = (খ) কিগ্রা. ৫০·৯৮০ =

(গ) কিগ্রা. ৫০০·০০০ =

৪। কিলোগ্রামে প্রকাশ কর : ৪

(ক) ১২ কিগ্রা. ৫৬ গ্রা. = (খ) ৪৬৮৭ কিগ্রা. =

(গ) ১৪ কিগ্রা. ৩৮৯ গ্রা. = (ঘ) ৫৭০৮০ গ্রাম =

৫। শ্যামলবাবু ২৮ কিগ্রা. ৮০ গ্রা. গম কিনলেন। তার থেকে ১৩ কিগ্রা. ৯৫ গ্রাম খরচ করলেন। শ্যামলবাবুর আর কত গম রইল? ৫

প্রশ্নপত্র—৩৮

পূর্ণমান—৪৫ সময়—৪০ মিনিট

নাম ______________________ রোল নং __________

১। শূন্যস্থান পূরণ কর ঃ ১২

(ক) ২ মিনিট = —— সেকেণ্ড। (খ) ৭ দিন = —— ঘণ্টা।

(গ) ৫ ঘণ্টা = —— মিনিট। (ঘ) ১০ কিমি. = —— মি.।

(ঙ) ১২০ টাকার ৫ গুণ = —— টাকা।

(চ) ডিসেম্বর মাসের দিনসংখ্যা = —— দিন।

২। যোগ কর ঃ ৮

৮০ কিগ্রা. ৮০ গ্রা. + ৫০৮ কিগ্রা. ৮ গ্রা. +
৯ কিগ্রা. ৯৫ গ্রা. + ১৪৫৬ কিগ্রা. + ৭০ গ্রা.

৩। সরল কর ঃ ৬

৩৬ ÷ ৯ × ৪ + ৮ × ২ − ৯ × ২ ÷ ৬ + ৭ − ৩

৪। তোমাদের স্কুল ৭-১৫ টায় বসে এবং ১১টা ১০ মিনিটে ছুটি হয়। তোমাদের স্কুল কত সময় হয়? ৯

৫। সংক্ষেপে উত্তর দাও ঃ ১০

(ক) কিলোমিটার মিটারের কত গুণ?

(খ) গ্রাম কিলোগ্রামের কত অংশ?

(গ) সকাল ১০টা থেকে বিকেল ৪টা কত ঘণ্টা?

(ঘ) তোমাদের বাড়ীতে ১ কিগ্রা. চিনি ছিল। ৫০০ গ্রাম চিনি খরচ হল। কত চিনি রইল?

(ঙ) সেন্টিমিটার মিটারের কত অংশ?

প্রশ্নপত্র—৩৯

পূর্ণমান—৫০

সময়—৪০ মিনিট

নাম ____________________ রোল নং ____________

[উত্তরের জন্য আলাদা কাগজ ব্যবহার কর।]

১। ১ ডজন ডিমের দাম ১২ টাকা ৬০ পয়সা। একটি ডিমের দাম কত? চারটি ডিম কিনতে কত লাগবে? ১০

২। একজন লোক বৎসরে ৬০০০ টাকা আয় করেন এবং ৫৪০০ টাকা খরচ করেন। প্রতিমাসে লোকটির কত জমে? ১০

৩। নীচের অঙ্কগুলি কর ঃ ৫ × ৪ = ২০

(ক)

	কিগ্রা.	গ্রা.
	৭০	০৭০
+	৮৭০	০৮৯
	৮	৯৩৪

(খ)

	কিগ্রা.	গ্রা.
	৫৩৯	০৮৯
−	২৯	৯৮০

(গ) কিগ্রা. ৫৬৯·৮৭০
− কিগ্রা. ৪৭৯·৯৬৮

(ঘ) ১৪) ৮৪০৫৭ (

৪। শূন্যস্থান পূরণ কর ঃ ১০

(ক) ঘড়ির কাঁটা —— থেকে —— ঘোরে।

(খ) —— ঘণ্টায় ১ দিন।

(গ) ১ লিপ্-ইয়ার বৎসর = —— দিন।

(ঘ) চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হ'ল —— ।

(ঙ) —— দিনে এক মাস।

(চ) ১২ কিগ্রা. = —— গ্রা.।

(ছ) ১০ টাকার ১০ গুণ = —— টাকা।

প্রশ্নপত্র—৪০

পূর্ণমান—৫০ সময়—৪০ মিনিট

নাম ______________ রোল নং ______________

১। টাকায় প্রকাশ কর ঃ ৬

(ক) ৮০ টাকা ৫০ পয়সা = (খ) ৮০৯ টাকা ৫ পয়সা =

(গ) ৮৯ টাকা ৭৫ পয়সা = (ঘ) ৭ পয়সা =

(ঙ) ৭০ পয়সা = (চ) ৭০০ পয়সা =

২। ভাগ কর ঃ $৬ \times ২ = ১২$

(ক) ১৯) ৩৮১৭০ ((খ) ৫) টাকা ৩৫০·৮০ (

৩। গুণ কর ঃ $৬ \times ২ = ১২$

(ক) ৮৩০৪ × ১২৯   (খ) টাকা ৩৮০·১৮ × ৩৭

৪। ১০০ টাকা নিয়ে তুমি বাজারে গেলে। ৫০ টাকার চাল, ২৫ টাকা ৫০ পয়সার মাছ ও ১০ টাকা ৭০ পয়সার সব্জী কিনলে। তোমার কাছে আর কত থাকল ? ১০

৫। ১৫ জন ভিখারীর প্রত্যেককে ২ টাকা ৫০ পয়সা করে দেওয়ার পরও তোমার কাছে ৫ টাকা ৫০ পয়সা থাকল। তোমার কাছে প্রথমে কত ছিল ? ১০

প্রশ্নপত্র—৪১

পূর্ণমান—৭৫ সময়—১ ঘণ্টা ৩০ মিনিট

নাম ________________ রোল নং ________

[উত্তরের জন্য আলাদা কাগজ ব্যবহার কর।]

১। নীচের বক্তব্যগুলিকে চিহ্নের সাহায্যে প্রকাশ কর ঃ ৮

(ক) ১০ ও ৭ এর যোগফল= (খ) ১৭ ও ৯ এর বিয়োগফল=

(গ) ৮ ও ৯ এর গুণফল= (ঘ) ১৭ ভাগ ৯=

২। কথায় লেখ ঃ ৬

(ক) ৮০৩৯ টাকা= (খ) ৩৩৩৩=

(গ) ৭৭০০০৭টি গরু= (ঘ) ৮৯০০০ পয়সা=

(ঙ) ৭৭৮০৮= (চ) ১৯০৫ টাকা ৫ পয়সা =

৩। চার অঙ্কের বৃহত্তম সংখ্যাকে ১৯ দিয়ে ভাগ কর। ৮

৪। ২৪০ টাকার ২৯ গুণকে সমান ৫ ভাগে ভাগ কর। ৯

৫। নীচের অঙ্কগুলি কর ঃ ৫×৪=২০

(ক) টাকা ৮৬·১২
× ১৮

(খ) ৯) টাকা ৬৩·৬৩ (

(গ) টাকা পয়সা
৩০৭৮ ৮০
− ৭৮৯ ৬৭

(ঘ) টাকা ৩৩৫৮·০৪
− টাকা ২৮৭৮·৯৮

৬। শূন্যস্থান পূরণ কর ঃ ৬

(ক) কিলোমিটার মিটারের —— গুণ।

(খ) মিটার সেন্টিমিটারের —— গুণ।

(গ) সেন্টিমিটার মিটারের —— অংশ।

(ঘ) ১ কিমি. = —— হেক্টোমিটার।

(ঙ) হাজার শতকের —— গুণ।

(চ) দশক শতকের —— অংশ।

৭। ১ দিনের খবরের কাগজের দাম ৮০পয়সা হ'লে ১ বৎসরের খবরের কাগজের দাম কত? ৭

৮। তুমি রেলগাড়ীতে ২০০ কিমি., নৌকায় ১২ কিমি., মোটরে ২৫ কিমি., রিক্সায় ২ কিমি. পথ গেলে। মোট কতটা পথ তুমি গেলে? ৭

৯। নিম্নের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৪

(ক) এক সপ্তাহ = কত দিন? (খ) ১ বৎসর = কত দিন?

(গ) ২ ঘণ্টা = কত মিনিট? (ঘ) ৭৩৪৫০ পয়সা = কত টাকা?

প্রশ্নপত্র—৪২

পূর্ণমান—৮০ সময়—১ ঘণ্টা ৩০ মিনিট

নাম ____________ রোল নং ____________

১। নিম্নের অঙ্কগুলি কর ঃ ৪ × ৫ = ২০

(ক) টাকা ৬১·২৩ × ৩২

(খ) টাকা ৩৬০·৯৭ × ৮৯

(গ) ৮) টাকা ১২৮·২৪ ((ঘ) ২৪১৪৫ টাকা ৮ পঃ ÷ ১২

২। প্রতি ছেলেকে ৫ টাকা ৫৯ পয়সা করে দিলে ৮ জন ছেলের জন্য যত লাগে তার অর্ধেক তোমার কাছে রাখলে কত থাকবে? ১০

৩। তোমার বাবার বাৎসরিক আয় ৬০০০ টাকা ৬০ পয়সা হলে তোমার বাবার মাসিক আয় কত? ৫

৪। কিলোগ্রামে প্রকাশ কর : ৬

(ক) ১১০ কিগ্রা. ৫১৫ গ্রা. = (খ) ৯০ কিগ্রা. ২০ গ্রা. =

(গ) ৯ কিগ্রা. ৯ গ্রা. = (ঘ) ৬৭৮০ গ্রা. =

(ঙ) ১৫০০০ গ্রা. = (চ) ৭৭৭৭ গ্রা. =

৫। গ্রামে পরিণত কর : ৫

(ক) ১৫ কিগ্রা. ২২ গ্রা. = (খ) ১৫০ কিগ্রা. ২০২ গ্রা.

(গ) ১৯ কিগ্রা. ৯ গ্রা. = (ঘ) কিগ্রা. ৩·৪৫০ =

(ঙ) কিগ্রা. ৩০·৯০ =

৬। ৫০ কিগ্রা. ৫০ গ্রা., ৩০ গ্রা., ৩০ কিগ্রা. ৩০ গ্রা., ২৫০ কিগ্রা., ৫ কিগ্রা. ১৪০ গ্রা. মিলিয়ে মোট কত ওজন হবে? ৫

৭। তিন বৎসর ৬ মাসে কত দিন? ৯

৮। কোন কারখানায় ৮টা ৩০ মি. থেকে ১২টা পর্যন্ত কাজ হয়ে আবার ১টা থেকে ৪টা ৩০ মি. পর্যন্ত কাজ হয়। সকালের দিকে কতক্ষণ কাজ হয়? দুপুরের দিকে কতক্ষণ কাজ হয়? মোট কত ঘণ্টা কাজ হয়? ১০

৯। শূন্যস্থান পূরণ কর : ১০

(ক) লিপ্-ইয়ার বৎসরের দিনসংখ্যা ——।

(খ) ঘড়ির কাঁটা —— থেকে —— দিকে ঘোরে।

(গ) ডিসেম্বর মাসের দিনসংখ্যা ——।

(ঘ) ১ বৎসর ৫ মাস = —— মাস।

(ঙ) সকাল ১০টা থেকে রাত্রি ১০টা = —— ঘণ্টা।

(চ) ৫০ কিগ্রা. = —— গ্রাম।

(ছ) ২০০ টাকার অর্ধেক = —— ——।

পূর্ণমান—১০০ সময়—২ ঘণ্টা

নাম______________________ রোল নং__________

[উত্তরের জন্য আলাদা কাগজ ব্যবহার কর।]

১। কথায় লেখ ঃ ১০

(ক) ১৪০১৪ টাকা= (খ) ১০৪০৪ পয়সা=

(গ) ১৪৪০১= (ঘ) ৪৪০১৮=

(ঙ) ৩৪৫০৭টি গরু=

২। পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যার সহিত কত যোগ করলে ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে? ১০

৩। নিম্নের অঙ্কগুলি কর ঃ ৫×২=১০

(ক) ১৬) ১৭০৮৪ ((খ) ৯) টাকা ৫৪৮০·৮০ (

৪। ২৪০ টাকা ৬০ পয়সা ১২ জনের মধ্যে সমান ভাগে ভাগ করে দিলে প্রত্যেকে কত করে পাবে? ৮

৫। ১ টাকা ৪০ পয়সা কিগ্রা. দরে ২৩ কিগ্রা. আলু এবং ২৫ টাকা কিগ্রা. দরে ৫ কিগ্রা. মাছ কিনতে মোট কত টাকা লাগবে? ১০

৬। টাকায় পরিণত কর ঃ ৪

(ক) ১৮০ টাকা ৮০ পয়সা= (খ) ১০৮ টাকা ৮ পয়সা=

(গ) ১৭০০ পয়সা= (ঘ) ১৮৩০৪ পয়সা=

৭। পয়সায় পরিণত কর ঃ ৩

(ক) ৮ টাকা ৬০ পয়সা= (খ) ৮০ টাকা=

(গ) ৮০ টাকা ৮ পয়সা=

৮। বাংলা সাতটি বারের নাম লেখ। ৭

৯। শূন্যস্থান পূরণ কর : ৮

(ক) দুপুর বারটা থেকে রাত্রি ১২টা = —— ঘণ্টা।

(খ) দুই মাস = —— দিন।

(গ) জানুয়ারী মাসের দিনসংখ্যা = ——।

(ঘ) ১ ঘণ্টা = —— সেকেণ্ড।

(ঙ) তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা = ——।

(চ) ১ কিলোগ্রাম = —— গ্রাম।

(ছ) ১০ টাকা, ৫ টাকার —— গুণ।

(জ) ১৫, ৫-এর —— গুণ।

১০। একজন লোককে ২৯০ কিমি. পথ হেঁটে যেতে হবে। লোকটি প্রতিদিন ৩০ কিমি. গেলে সাতদিনে কতদূর যাবে? কত পথ হাঁটা বাকী থাকবে? ১০

১১। সরল কর : ৬ × ২ = ১২

(ক) ৯ × ৩ + ৫ − ৩ − ২ − ১২ + ৫ × ২

(খ) ৮ × ৪ ÷ ২ − ৯ × ৪ ÷ ৬ + ৪ − ৭ × ২

১২। ২৫ জন ভিখারীর প্রত্যেককে ৫ টাকা ৭ পয়সা করে দেওয়ার পরও তোমার কাছে ২০ পয়সা থাকল। তোমার কাছে প্রথমে কত ছিল? ৮

——

